

🔳 আল-মুদ্দাসসির | Al-Muddathir | ٱلْمُدَّنِّر

আয়াতঃ ৭৪: ৪৮

আরবি মূল আয়াত:

فَمَا تَنفَعُهُم شَفَاعَۃُ الشَّفِعِينَ ﴿٢٨٩﴾

অতএব সুপারিশকারীদের সুপারিশ তাদের কোন উপকার করবে না। — আল-বায়ান তখন সুপারিশকারীদের সুপারিশ তাদের কোন কাজে আসবে না। — তাইসিরুল ফলে সুপারিশকারীদের সুপারিশ তাদের কোন কাজে আসবেনা। — মুজিবুর রহমান

So there will not benefit them the intercession of [any] intercessors. — ${\sf Sahih}$ International

৪৮. ফলে সুপারিশকারীদের সুপারিশ তাদের কোন উপকার করবে না।(১)

(১) এখানে র্রু সর্বনাম দ্বারা সেসব অপরাধীকে বোঝানো হয়েছে, পূর্বের আয়াতে যারা তাদের চারটি অপরাধ স্বীকার করেছে- (১) তারা সালাত আদায় করত না, (২) তারা কোন অভাবগ্রস্ত ফকীরকে আহার্য দিত না; অর্থাৎ দরিদ্রদের প্রয়োজনে ব্যয় করত না, (৩) ভ্রান্ত লোকেরা ইসলাম ও ঈমানের বিরুদ্ধে যেসব কথাবার্তা বলত অথবা গোনাহ ও অশ্লীল কাজে লিপ্ত হত, তারাও তাদের সাথে তাতে লিপ্ত হত এবং সম্পর্কহীনতা প্রকাশ করত না, (৪) তারা কেয়ামত অস্বীকার করত। এর দ্বারা প্রমাণিত হল যে, যেসব অপরাধী এসব গোনাহ করে এবং কেয়ামত অস্বীকার করার মত কুফরী করে, তাদের জন্যে কারও সুপারিশ উপকারী হবে না। কেননা, তারা কাফের। কাফেরদের জন্যে সুপারিশ করার অনুমতি কাউকে দেয়া হবে না। কেউ করলে গ্রহনীয় হবে না। [দেখুন: ইবন কাসীর; বাগভী; বাদা'ইউত তাফসীর]

কুরআনের অন্যান্য আয়াত ও অনেক সহীহ হাদীসে প্রমাণিত আছে যে, নবীরাসূলগণ, শহীদগণ এবং সৎকর্মপরায়ণগণ-এমন কি সাধারণ মুমিনগণও আল্লাহর পক্ষ থেকে অনুমতি প্রাপ্তির পর অন্যান্য মুমিনদের জন্যে সুপারিশ করবেন এবং তা কবুলও হবে। তবে কাফের মুশরিকদের কারও জন্য কোন সুপারিশ কাজে আসবে না।

তাফসীরে জাকারিয়া

(৪৮) ফলে সুপারিশকারীদের সুপারিশ তাদের কোন কাজে আসবে না। [1]

[1] অর্থাৎ, যে ব্যক্তির মধ্যে উল্লিখিত (মন্দ) গুণগুলো বর্তমান থাকবে, তার জন্য কারো সুপারিশও কোন উপকারে আসবে না। কারণ, সে কুফরীর কারণে সুপারিশ পাওয়ার অনুমতিই লাভ করবে না। সুপারিশ তো কেবল তার





জন্য উপকারী হবে, যে ঈমানের কারণে শাফাআত লাভের যোগ্য হবে। আল্লাহর পক্ষ থেকে সুপারিশ করার অনুমতি কেবল তাদের জন্যই হবে, সবার জন্য নয়।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5543

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন